সৌদি লিগেই যাচ্ছেন নেইমার

দলবদলের বাজারে কত গুঞ্জনই তো শোনা যায়। নেইমার প্যারিস সেন্ত জার্মেই ছাড়ছেন, এই গুঞ্জনটাও ছিল তেমনই। তবে ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির খবর আমলে নিলে ওই গুঞ্জনই সত্যি হতে চলেছে। সৌদি আরবের লিগেই যোগ দিচ্ছেন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড। দুই বছরের চুক্তিতে তার আল হিলালে যোগ দেওয়াটা এখন সময়ের অপেক্ষা!

বিবিসি জানিয়েছে, নেইমারের ব্যাপারে পিএসজির সঙ্গে সমঝোতায় পৌঁছেছে পিএসজি। ৯০ মিলিয়ন ইউরোতে সৌদি ক্লাবে যোগ দেওয়ার ঘোষণা শিগগিরই আসছে। ৩১ বছর বয়সী ফরোয়ার্ডের স্বাস্থ্য পরীক্ষা ও দরকারি কাগজপত্রে সাক্ষর হলেই চূড়ান্ত হবে দলবদল।

পিএসজির নতুন কোচ লুই এনরিকে। স্প্যানিশ কোচের অধীনে বার্সেলোনায় খেলেছেন নেইমার। ধারণা ছিল, নেইমারকে রেখেই দল সাজাবেন তিনি। কিন্তু হয়েছে উল্টোটা। নেইমারের ইনজুরি ও শৃঙ্খলাজনিত ঘটনা আমলে নিয়ে এনরিকে ব্রাজিলিয়ান ফরোয়ার্ডকে দলে রাখতে রাজি নন। অর্থাৎ, পিএসজিতে নেইমারকে নিয়ে কোনও পরিকল্পনা নেই স্প্যানিশ কোচের।

ফলে বার্সেলোনায় ফেরার জোর গুঞ্জন ওঠে। কিন্তু বার্সেলোনা নেইমারের প্রতি আগ্রহ দেখায়নি। অতঃপর আলোচনায় আসে আল হিলাল। এখন সেটিই সত্যি হওয়ার পথে।

প্যারিসের ক্লাবে বছরে ২৫ মিলিয়ন ইউরো বেতন পেতেন নেইমার। আল হিলালে ঠিক কত পাবেন, সেটি এখনও নিশ্চিত নয়। তবে গোল ডটকমের খবর, সৌদি ক্লাবে বছরে ৮০ মিলিয়ন ইউরো বেতন পাবেন নেইমার। দুই বছরে ১৬০ মিলিয়ন ইউরো। চুক্তিতে অবশ্য আরও এক বছর সময় বাড়ানোর সুযোগ আছে। সেক্ষেত্রে সৌদি ক্লাবে ৩৪ বছর পর্যন্ত খেলবেন নেইমার।

দলবদলের হিসাব আমলে নিলে নেইমার এখনও বিশ্বের সবচেয়ে দামি খেলোয়াড়। ২০১৭ সালে রেকর্ড ২২২ মিলিয়ন ইউরোতে বার্সেলোনা থেকে পিএসজিতে যোগ দিয়েছিলেন তিনি। যদিও এত দামের প্রতিদান দিতে পেরেছেন সামান্যই।

ক্রিকেটেও আসছে লাল কার্ড

ফুটবলে খুবই পরিচিত দৃশ্য লাল কার্ড। রেফারি লাল কার্ড দেখানো সঙ্গে সঙ্গে মাঠ ছেড়ে বেড়িয়ে যায় ফুটবলার। আর এবার ক্রিকেটেও চালু হচ্ছে লাল কার্ড। আসন্ন ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগ (সিপিএল) এর নতুন আসরে মন্থর ওভার রেটের জন্য রাখা হয়েছে অভিনব এক শাস্তি। এই টুর্নামেন্টে স্লো ওভার রেটের কারণে অধিনায়ককে দেখানো হবে লাল কার্ড, যে কারণে মাঠ থেকে বের হয়ে যেতে হবে একজন ক্রিকেটারকে।

মন্থর ওভার রেটের কারণে সাধারণত জরিমানা করা হয়। তবে জরিমানা করেও খুব একটা লাভ হচ্ছে না। আর তাই এমন এক উদ্যোগ নিয়েছে সিপিএল কর্তৃপক্ষ।

টি-টোয়েন্টি ক্রিকেটে সাধারণত প্রতি ইনিংস শেষ করতে হয় ৮৫ মিনিটের মধ্যে। ইনিংসের ১৭ ওভার শেষ করার নির্ধারিত সময় ৭২ মিনিট ১৫ সেকেন্ড, ১৮তম ওভার ৭৬ মিনিট ৩০ সেকেন্ড। ১৯ ওভার ৮০ মিনিট ৪৫ সেকেন্ড শেষ করতে হবে, সব মিলিয়ে শেষ করতে হয় ৮৫ মিনিটের মধ্যে। নির্ধারিত সময়ে প্রতি ওভার শেষ হচ্ছে কি না সেটা এবার ভালো করে তদারকি করবে ম্যাচ অফিশিয়ালরা।

সিপিএলে এবারের আসরে ফিল্ডিং দল যদি ১৮তম ওভার নির্ধারিত সময়ে শুরু করতে না পারে, তাহলে একজন অতিরিক্ত ফিল্ডারকে ৩০ গজের বৃত্তের মধ্যে রাখতে হবে। অর্থাৎ তখন বৃত্তে থাকবে ৫ জন ফিল্ডার। ১৯তম ওভার নির্ধারিত সময়ের মধ্যে শুরু করতে না পারলে ফিল্ডার ৩০ গজের বৃত্তে ঢোকাতে হবে আরও একজন। অর্থাৎ তখন বৃত্তের মধ্যে থাকবে ৬ জন।

আর ২০ তম ওভার নির্ধারিত সময়ের মধ্যে শুরু না করলে শাস্তি আরও বড়। তখন একজন ফিল্ডারকে যেতে হবে মাঠের বাইরে। সেই ফিল্ডার কে হবে সেটা ঠিক করবেন অধিনায়ক। তখনো ৬ জন ফিল্ডারকে থাকতে হবে বৃত্তের মধ্যে। ব্যাটাররাও একই ভুল করলে আছে শাস্তি। আম্পায়ারদের প্রথম ও ফাইনাল ওয়ার্নিংয়ের পর সময় নষ্ট করলে প্রতি ঘটনায় কাটা হবে ৫ রান করে।

সিপিএলের টুর্নামেন্ট অপারেশন পরিচালক মাইকেল হল বলেন, ‘আমরা হতাশ, আমাদের টি-টোয়েন্টি খেলাগুলোও প্রতি বছর দীর্ঘ হয়ে যাচ্ছে। এই ট্রেন্ড বন্ধ করার জন্য, আমরা যা করার তা করতে চাই। খেলাটা চলমান রাখার দায়িত্ব ক্রিকেট সংশ্লিষ্ট সবার। আমরা টুর্নামেন্ট শুরুর আগে ফ্র্যাঞ্চাইজি ও ম্যাচ অফিশিয়াল সবাইকে তাদের দায়িত্ব সম্পর্কে অবহিত করেছি। আশা করছি খেলায় শাস্তির ব্যবহার করতে হবে না।’

সূত্র: ইত্তেফাক

এশিয়া কাপ ও বিশ্বকাপে বাংলাদেশের অধিনায়ক সাকিব

অধিনায়কত্ব থেকে সরে দাঁড়িয়েছেন তামিম ইকবাল। ফলে ওয়ানডে সংস্করণে কে হবে বাংলাদেশের অধিনায়ক, তা নিয়ে চলছে আলোচনা। অধিনায়ক হওয়ার দৌড়ে আলোচনায় ছিলেন সাকিব আল হাসান, লিটন দাস ও মেহেদি হাসান মিরাজ। তবে ওয়ানডে অধিনায়ক হিসেবে অভিজ্ঞ সাকিবকে বেছে নিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

শুক্রবার (১১ আগস্ট) গুলশানে নিজ বাসভবনে এটি নিশ্চিত করেছেন বিসিবি সভাপতি নাজমুল হাসান। সাকিবের নেতৃত্বে আসন্ন এশিয়া কাপ ও বিশ্বকাপে খেলবে বাংলাদেশ। সাকিবকে অধিনায়ক করা প্রসঙ্গে বিসিবি প্রধান বলেন, ‘এশিয়া কাপ ও বিশ্বকাপের সাকিবকে অধিনায়ক করা হয়েছে। বিশ্বকাপ ও এশিয়া কাপের দল আগামীকাল (শনিবার) ঘোষণা করা হবে। আপাতত এশিয়া কাপের ১৭ জনের দল দেবেন নির্বাচকেরা।’

এর আগে গত ৩ আগস্ট ওয়ানডে অধিনায়কত্ব থেকে সরে যাওয়ার ঘোষণা দেন তামিম ইকবাল। এরপর থেকেই নতুন অধিনায়ক খুঁজছিল বিসিবি। অধিনায়ক ইস্যুতে গত ৮ আগস্ট পরিচালকদের জরুরি সভাও ডাকা হয়। তবে অধিনায়ক ঠিক করা ছাড়াই সে সভা শেষ হয়।

সূত্র: ইত্তেফাক

দামুড়হুদার জয়রামপুর তপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টে দামুড়হুদা স্পোর্টিং ক্লাব জয়ী

দামুড়হুদার জয়রামপুর তপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ১ম কোয়াটার ফাইনালে দামুড়হুদা স্পোর্টিং ক্লাব ২ গোলে জয়ী হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা জয়রামপুর ইউথ ক্লাবের আয়োজনে ক্লাবের মাঠে মুখোমুখি মাঠে খেলতে নামে দামুড়হুদা স্পোর্টিং ক্লাব বনাম রামাযুস রামনগর মাথাভাঙ্গা ক্লাব দর্শনা।

খেলার নির্ধারিত সময়ে রামাযুস রামনগর মাথাভাঙ্গা ক্লাব দর্শনা কে ২-০ গোলে হারিয়ে জয়ের লক্ষে পৌঁছে যায় দামুড়হুদা স্পোর্টিং ক্লাব। দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের স্ট্রাইকার ইমরান হোসেন ২টি গোল করে দামুড়হুদা স্পোর্টিং ক্লাব কে সেমিফাইনালে খেলার সুযোগ করে দেয় এবং ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হয়।

দামুড়হুদার জয়রামপুর ইউথ ক্লাবের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে মাঠে উপস্থিত থেকে খেলা উপভোগ করেন দামুড়হুদা উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা রিয়াজুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল হালিম ভুট্টু, দামুড়হুদা উপজেলা যুবলীগের অন্যতম নেতা শাহীন উদ্দীন, উপজেলা ক্রীড়া সংস্থার নির্বাহী সদস্য শহিদ আজম সদু, নওশাদ আলী, সাবেক মেম্বার ইকরামুল হক, সাবেক ফুটবলার জাকির হোসেন, এনামুল হক, টুর্নামেন্ট পরিচালনা কমিটির উপদেষ্টা গোলাম ছরোয়ার ছোটন, ফুটবলপ্রেমী সেলিম উদ্দিন, টুর্নামেন্ট কমিটির সাধারণ সম্পাদক রাজিব আহমেদ, আজিজুল হক, ইমান আলী।

খেলায় রেফারির দায়িত্ব পালন করেন রবিউল ইসলাম, সহকারী রেফারি ছিলেন লিটা হাসান ও রবিউল হক। ধারাভাষ্যকার ছিলেন শামীম খান।

দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের এই জয়ে ক্লাব সভাপতি এখলাছ উদ্দিন সুজন ক্লাবের সকল কর্মকর্তা, খেলোয়াড় ও শুভাকাঙ্খিদেরকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।

‘ওয়ানডে অধিনায়ক’ নিয়ে মুখ খুললেন লিটন

বাংলাদেশ ওয়ানডে দলের সম্ভাব্য অধিনায়ক হিসেবে সাকিব আল হাসান ও লিটন দাসের নাম জোর শোনা যাচ্ছে। শোনা যাচ্ছে, মেহেদী হাসান মিরাজেরও নাম। এখন জানার আগ্রহ— কার ঘাড়ে উঠছে বাংলাদেশ ওয়ানডে অধিনায়কের দায়িত্ব।

বৃহস্পতিবার ঢাকার সোনারগাঁও হোটেলে একটি ফিন্যান্স সার্ভিস প্রতিষ্ঠানের অনুষ্ঠানে গণমাধ্যমের মুখোমুখি হয়েছিলেন লিটন। এ সময় তার কাছে জানতে চাওয়া হয়, কে হচ্ছেন বাংলাদেশের ওয়ানডে অধিনায়ক?

প্রশ্নোত্তরে লিটন বলেন, সবাইকে অপেক্ষা করতে হবে। এটা সম্পূর্ণ ক্রিকেট বোর্ডের বিষয়। আপনারা হয়তো ২-১ দিনের ভেতরেই খবরটা পেয়ে যাবেন। আমি বলার চেয়ে এই জিনিসটা বোর্ড থেকে পেলে খুব ভালো হবে। আমার বলা উচিত হবে না কোনোভাবেই।

তিনি আরও যোগ করেন, যেহেতু আমি বোর্ডের কর্মীর মতো, পারিশ্রমিক পাই, উপার্জন করি। এই জিনিসগুলোর জন্য একটু অপেক্ষা করেন।

তবে দায়িত্ব পেলে তিনি শতভাগ দিতে চাইবেন, এমন কথাও বলেন লিটন, ‘যেহেতু অনেক দিন ধরে খেলছি, দল আমার কাছে অনেক ভালো কিছু চায়। আমিও চাইব দেশকে ভালো কিছু দিতে। আমি শতভাগ দেওয়ার চেষ্টা করব যেটা সবসময় করে এসেছি।’

বাংলাদেশের হয়ে ওয়ানডেতে ৫ ম্যাচে নেতৃত্ব দিয়েছেন লিটন। তার নেতৃত্বে বাংলাদেশ দল গত ডিসেম্বরে ভারতের বিপক্ষে ওয়ানডে সিরিজ

জিতেছে। আফগানিস্তানের বিপক্ষে সর্বশেষ ওয়ানডে সিরিজের শেষ দুই ম্যাচেও তামিম ইকবালের অবর্তমানে তিনি ছিলেন বাংলাদেশ দলের অধিনায়ক।

লিটন গতকালই কানাডার গ্লোবাল টি-টোয়েন্টি লিগ খেলে এসেছেন। টুর্নামেন্টের ফাইনালিস্ট সারে জাগুয়ার্সের হয়ে ৮ ম্যাচ খেলে ৭ ইনিংসে ব্যাট করে লিটন ১৫২ রান করেছেন, গড় মাত্র ২১.৭১, স্ট্রাইক রেট ১০০.৬৬।

সূত্র: যুগান্তর

হৃদয়কে নিয়ে জাফনার আবেগঘন বার্তা

জাতীয় দলে এখনো নবীণ ব্যাটার তাওহিদ হৃদয়। তবে এরই মধ্যে নিজের জাত চিনিয়েছেন এই ব্যাটার। ডাক পান লঙ্কা প্রিমিয়ার লিগে (এলপিএল) খেলার। সেখানেও নিজের জাত চিনিয়েছেন হৃদয়।

চলমান এলপিএলে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন জাফনা কিংসের হয়ে খেলেছেন হৃদয়। পাকিস্তানি অলরাউন্ডার শোয়েব মালিকের বদলে হৃদয়কে ডেকেছিল জাফনা। ৮ আগস্ট পর্যন্ত বিসিবি থেকে অনাপত্তিপত্র পেয়েছিলেন তিনি। কলম্বো স্ট্রাইকার্সের বিপক্ষে মঙ্গলবার (৮ আগস্ট) ছিল হৃদয়ের শেষ ম্যাচ।

ম্যাচ শেষে হৃদয়ের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে পোস্ট করেছে জাফনা। ভেরিফায়েড ফেসবুক পেইজে তারা লিখেছে, ‘তিনি এলেন, জয় করলেন। কিন্তু দুর্ভাগ্যবশত তাকে আমাদের ছেড়ে দিতে হচ্ছে। আমরা এই তরুণ সুপারস্টারের দারুণ উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করি। ধন্যবাদ হৃদয় ভাই।’

এলপিএল অভিষেকেই ৫৪ রানের ম্যাচ জয়ী ইনিংস খেলেন হৃদয়। ৬ ম্যাচে ৩৮ এর বেশি গড়ে করেছেন ১৫৫ রান। টুর্নামেন্টে রান সংগ্রাহকের তালিকায় তিন নম্বরে আছেন হৃদয়।

সূত্র: ইত্তেফাক

শাস্তির কবলে পুরান

আইসিসি আচরণবিধি ভঙ্গ করায় শাস্তির মুখে পড়লেন ওয়েস্ট ইন্ডিজের মারকুটে ব্যাটার নিকোলাস পুরান। ভারতের বিপক্ষে দ্বিতীয় টি-টোয়েন্টিতে ম্যাচ চলাকালীন আম্পায়ারের সিদ্ধান্তের সমালোচনা করায় ম্যাচ ফির ১৫ শতাংশ জরিমানা করা হয় পুরানকে। সেই সঙ্গে একটি ডিমেরিট পয়েন্টও পেয়েছেন তিনি।

আইসিসি জানিয়েছে, আচরণবিধির ২.৭ ধারা ভঙ্গ এবং লেভেল ওয়ান অপরাধ করেছেন পুরান। মাঠের কোনও ঘটনা নিয়ে প্রকাশ্যে সমালোচনা করলে এই শাস্তি দেওয়া হয়।

দ্বিতীয় টি-টোয়েন্টিতে ওয়েস্ট ইন্ডিজের ব্যাটিং ইনিংসের চতুর্থ ওভারে লেগ বিফোর আউট নিয়ে ঘটনা ঘটে। লেগ বিফোর সিদ্বান্ত নেয়ার জন্য তৃতীয় আম্পায়ারের শরনাপন্ন হওয়ায় অনফিল্ড আম্পায়ারদের সমালোচনা করেন পুরান। পুরানের মতে আউট ছিলেন না সতীর্থ কাইল মায়ার্স। পরবর্তীতে রিভিউতে আউট হন মায়ার্স।

ম্যাচ শেষে পুরানের বিপক্ষে অভিযোগ আনেন দুই অনফিল্ড আম্পায়ার লেসলি রেইফার এবং নাইজেল ডুগুইড, তৃতীয় আম্পায়ার গ্রেগরি ব্র্যাথওয়েট এবং চতুর্থ আম্পায়ার প্যাট্রিক গুস্টার্ড।

ম্যাচ রেফারি রিচি রিচার্ডসনের কাছে অপরাধ স্বীকার করে নিয়েছেন পুরান। ফলে কোন শুনানির প্রয়োজন পড়েনি।

লেভেল ওয়ান অপরাধে সর্বনিম্ন শাস্তি হলো, ক্রিকেটারকে সতর্ক করে দেওয়া। সর্বোচ্চ শাস্তি হিসাবে ক্রিকেটারের ম্যাচ ফির ৫০ শতাংশ জরিমানা এবং এক বা দুই ডিমেরিট পয়েন্ট দেওয়া।

শাস্তি পাওয়া ম্যাচে ৪০ বলে ৬৭ রানের ইনিংস খেলে ওয়েস্ট ইন্ডিজকে ২ উইকেটে জয়ের স্বাদ পাইয়ে দেন পুরান। পাঁচ ম্যাচের সিরিজে ২-০ ব্যবধানে এগিয়ে ওয়েস্ট ইন্ডিজ।

সূত্র: ইত্তেফাক

বড় চমক রেখে অস্ট্রেলিয়ার বিশ্বকাপ দল ঘোষণা

ভারতের মাটিতে ক্রিকেট বিশ্বকাপের আসর বসতে এখনও বাকি মাস দুয়েক মতো। এরই মধ্যে বড় চমক রেখেই বিশ্বকাপের জন্য প্রাথমিক স্কোয়াড ঘোষণা করে দিলো পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন অস্ট্রেলিয়া। অভিজ্ঞতা আর তারুণ্যের মিশেলে দল সাজিয়েছে অজিরা।১৮ সদস্যের প্রাথমিক স্কোয়াডে রয়েছে এখন জাতীয় দলের জার্সি গায়ে না চাপানো ক্রিকেটারও।

তবে অস্ট্রেলিয়ার ঘোষিত বিশ্বকাপ স্কোয়াডের সবচেয়ে বড় চমক হয়ে এসেছে মার্নাস ল্যাবুশানের না থাকা। সাম্প্রতিক সময়ে ফর্ম খুব একটা ভালো না থাকাতেই ল্যাবুশানেকে বাদ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন অস্ট্রেলিয়ুয়ার নির্বাচক প্যানেল।

বিশ্বকাপের আগে দক্ষিণ আফ্রিকা ও ভারত সফরেও এই ১৮ সদস্যের স্কোয়াডই খেলবে অজিদের হয়ে। এই দুই সিরিজের পর বিশ্বকাপের আগে ১৫ সদস্যের চূড়ান্ত স্কোয়াড দেবে অস্ট্রেলিয়া।

বিশ্বকাপের জন্য ঘোষিত দলে জায়গা পেয়েছে এখন অজিদের হয়ে অভিষেকের অপেক্ষায় থাকা দুই ক্রিকেটার তানভীর সাঙ্গা ও অ্যারন হার্ডি। বিশেষজ্ঞ লেগ স্পিনার হিসেবে দলে জায়গা পেয়েছেন তানভীর আর অলরাউন্ডার হিসেবে রয়েছেন হার্ডি।

অস্ট্রেলিয়ার ঘোষিত ১৮ সদস্যের প্রাথমিক স্কোয়াড: প্যাট কামিন্স, ডেভিড ওয়ার্নার, জশ ইংলিশ, স্টিভ স্মিথ, ট্রাভিস হেড, মিচেল মার্শ, গ্লেন ম্যাক্সওয়েল, শন অ্যাবট, অ্যাস্টন অ্যাগার, অ্যালেক্স ক্যারি, ন্যাথান এলিস, ক্যামেরন গ্রিন, মার্কাস স্টোয়নিস, অ্যারন হার্ডি, জশ হ্যাজেলউড, মিচেল স্টার্ক, অ্যাডাম জাম্পা, তানভীর সাঙ্গা,।

সূত্র: ইত্তেফাক

রাতে ঢাকায় আসছে বিশ্বকাপ ট্রফি

আসন্ন ওয়ানডে বিশ্বকাপ শুরু হতে বাকী দুই মাস। বিশ্ব ভ্রমণে বের হয়েছে ওয়ানডে বিশ্বকাপের ট্রফি। সেই ধারাবাহিকতায় এবার বাংলাদেশের আসছে এই ট্রফি। রোববার (৬ আগস্ট) দিবাগত রাতে ট্রফিটি পৌঁছানোর কথা রয়েছে ঢাকায়।

বিশ্বকাপের ট্রফি বরণ করে নিতে প্রস্তুত বাংলাদেশ। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ট্রফি নিয়ে আগত অতিথিদের বরণ করে নিতে উপস্থিত থাকবেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) প্রতিনিধি দল। ঢাকায় তিন দিন অবস্থান করবে বিশ্বকাপের ট্রফিটি।

ট্রফি প্রদর্শনের জন্য তিনটি জায়গা নির্ধারণ করা হয়েছে। সোমবার (৭ আগস্ট) পদ্মা বহুমুখী সেতুতে হবে অফিসিয়াল ফটোশুট। সেখান থেকে ফিরে রাজধানীর একটি হোটেলে রাখা হবে ট্রফিটি।

এরপর দ্বিতীয় দিন মঙ্গলবার (৮ আগস্ট) মিরপুর শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে সকাল ৯টা থেকে ১২টা পর্যন্ত জাতীয় দলের সাবেক ও বর্তমান ক্রিকেটার, নারী দলের ক্রিকেটার, বিসিবি পরিচালক, বিসিবির কর্মকর্তা-কর্মচারী, ক্রিকেট সংগঠক ও ক্রীড়া সাংবাদিকদের ট্রফির সঙ্গে ছবি তোলার সুযোগ দেওয়া হবে।

তৃতীয় ও শেষ দিনে বুধবার (৯ আগস্ট) রাজধানীর বসুন্ধরা সিটি শপিং মলে সাধারণ দর্শকদের জন্য ট্রফিটি রাখা হবে। সকাল ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত এই ট্রফির ছবি তুলতে পারবেন ভক্তরা।

এবারের বিশ্বকাপের আসর বসবে ভারতে। দশ দলের এই বিশ্ব আসর ৫ অক্টোবর শুরু হয়ে চলবে ১৯ নভেম্বর পর্যন্ত।

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]